

যঙ্গেফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৪১৫

১/ বিবিধ

আরবী

من أُمّ قوماً وفيهم من هو أَقْرَأً لكتاب الله منه، لم يزدْ فِي سُفَالٍ إِلَى يَوْمِ الْقِيَامَةِ
ضعيف جداً

رواه الطبراني في "الأوسط" (1/29/2) - زوائد المعجمين) وابن عدي (100/1)
وابن السمак في "الأمالى" (1/103/2) عن الحسين بن علي بن يزيد الصدائى
حدثنا أبي عن حفص بن سليمان عن الهيثم بن عقباً عن محارب بن دثار عن ابن
عمر

مرفوعاً. وقال الطبراني
"لا يروى عن ابن عمر إلا بهذا الإسناد، تفرد به الحسين
قلت: وهو صدوق، لكن أباه فيه لين، وحفص بن سليمان هو الغاضري وهو متزوك
الحديث مع إمامته في القراءة كما تقدم
والهيثم بن عقباً قال عبد الحق في "أحكامه" (41/1)
"كوفي مجھول بالنقل حدیثه غير محفوظ
وبه فقط أعل الحديث! وهو تابع في ذلك للعقيلي كما يأتي ثم تبعهما المناوي
وقول الطبراني: "تفرد به الحسين" ليس بصواب، فقد أخرجه العقيلي في
الضعفاء" (451) من طريق سليمان بن توبة النهرواني قال: حدثنا علي بن يزيد
الصادئي به. وقال

"الهيثم بن عقاب مجهول بالنقل، حديث غير محفوظ ولا يعرف إلا به"

বাংলা

১৪১৫। যে ব্যক্তি কোন সম্প্রদায়ের ইমামাত করবে এমতাবস্থায় যে, সে সম্প্রদায়ের মাঝে এমন ব্যক্তি রয়েছে যে তার চেয়ে ভালোভাবে কিভাবুল্লাকে পাঠ করতে পারে, তাহলে সে ব্যক্তির কিয়ামত দিবস পর্যন্ত অব্যাহতভাবে অধঃপতন ঘটতে থাকবে।

হাদীসটি খুবই দুর্বল।

হাদীসটি ত্ববারানী "আলমুজামুল আওসাত" গ্রন্থে (১/২৯/২), ইবনু আদী (১/১০০), ইবনুস সাম্মাক "আলআমলী" গ্রন্থে (২/১০৩/১) হসাইন ইবনু আলী ইবনে ইয়ায়ীদ সুদাঙ্গ হতে, তিনি তার পিতা হতে, তিনি হাফস ইবনু সুলায়মান হতে, তিনি হায়সাম ইবনু ইকাব হতে, তিনি মুহারিব ইবনু দিসার হতে, তিনি আবুল্লাহ ইবনু উমার (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

ত্ববারানী বলেনঃ একমাত্র এ সনদেই আবুল্লাহ ইবনু উমার (রাঃ) হতে হাদীসটি বর্ণনা করা হয়ে থাকে। হসাইন এটিকে এককভাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তিনি সত্যবাদী। কিন্তু তার পিতার মধ্যে দুর্বলতা রয়েছে। আর হাফস ইবনু সুলায়মান হচ্ছেন গায়েরী। তিনি কিরাতাতের ইমাম হওয়া সত্ত্বেও হাদীসের ক্ষেত্রে মাতরাক।

আর হায়সাম ইবনু ইকাব সম্পর্কে আব্দুল হক তার "আহকাম" গ্রন্থে (১/৪১) বলেনঃ তিনি কূফী, বর্ণনার ক্ষেত্রে মাজভল (অপরিচিত), তার হাদীস নিরাপদ নয়।

ত্ববারানী যে বলেছেন হসাইন হাদীসটি এককভাবে বর্ণনা করেছেন। তার এ কথা সঠিক নয়। কারণ ওকায়লী "আয়-যুয়াফা" গ্রন্থে (৪৫১) সুলায়মান ইবনু তওবা নাহরাওয়ানী সূত্রে আলী ইবনু ইয়ায়ীদ সুদাঙ্গ হতে ... বর্ণনা করেছেন এবং বলেছেনঃ হায়সাম ইবনু ইকাব বর্ণনার ক্ষেত্রে মাজভল (অপরিচিত)। তার হাদীস নিরাপদ নয় এবং হাদীসটি একমাত্র তার মাধ্যমেই জানা যায়।

হাদিসের মান: যন্ত্রে (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72294>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন